

খেলা

## সুপার কম্পিউটারের হিসাবে আর্জেন্টিনার চ্যাম্পিয়ন হওয়ার সম্ভাবনা কেমন



প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিশ্বকাপের ট্রফি কার হাতে উঠবে তা দেখার অপেক্ষা আর দুই ম্যাচের। ৪৮ দলের মধ্যে এখন টিকে রয়েছে ৪ দল। সেই চার দল হচ্ছে ফ্রান্স, স্পেন, ইংল্যান্ড ও আর্জেন্টিনা।

চার দলের মধ্যে কার হাতে শিরোপা উঠতে পারে সেটাই তথ্য-উপাত্ত দিয়ে বিশ্লেষণ করেছে অপটার সুপারকম্পিউটার। ২৫ হাজারবার সম্ভাব্য ফলাফল বিশ্লেষণ করে সুপারকম্পিউটার জানিয়েছে, বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার ক্ষেত্রে সবচেয়ে এগিয়ে ফ্রান্স। ফরাসিদের পরের তালিকায় যথাক্রমে স্পেন, ইংল্যান্ড ও আর্জেন্টিনা।

প্রথম সেমিফাইনালে মুখোমুখি হবে ফ্রান্স-স্পেন। আগামীকাল রাতে ডালাসে হওয়া সেমিফাইনালে ফ্রান্সের জয়ের পাল্লা ভারী বলে জানিয়েছে সুপারকম্পিউটার। ৫৭.৭ ভাগ জয়ের সম্ভাবনা কিলিয়ান এমবাল্লে-উসমান দেস্বেলেদের। আর ফাইনালে উঠলে তাদের শিরোপা জয়ের

সম্ভাবনা ৩৩ শতাংশ। বিপরীতে স্পেনের ফাইনালে যাওয়ার সম্ভাবনা ৪২.৩ শতাংশ। আর ট্রফি ঘরে তোলার সম্ভাবনা ২৩.৪ ভাগ।

অন্যদিকে দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে ইংল্যান্ড-আর্জেন্টিনা। নিজেদের ইতিহাসে একবারই ১৯৬৬ সালে বিশ্বকাপ জেতা ইংল্যান্ডের ফাইনালে ওঠার সম্ভাবনা ৫০.৯ ভাগ। বাকি ৪৯.১ শতাংশ ডিফেন্ডিং চ্যাম্পিয়ন আর্জেন্টিনার। ফাইনালে উঠলে আর্জেন্টিনার ২০.৬ শতাংশের বিপরীতে ইংল্যান্ডের সম্ভাবনা ২১.৯ শতাংশ।

অর্থাৎ সুপারকম্পিউটারের হিসেবে সবচেয়ে কম বিশ্বকাপ জয়ের সম্ভাবনা আর্জেন্টিনার। সবার শীর্ষে ফ্রান্স। অন্যদিকে দুইয়ে থাকা স্পেনের বিপরীতে ৩ নম্বরে ইংল্যান্ড।

## এ বিভাগের আরও খবর



কাদতে কাদতে মেসি বললেন, [বিদায় বলার এটাই সঠিক সময়]  
২১ বছরের দীর্ঘ আন্তর্জাতিক ক্যারিয়ারের ইতি টানলেন লিওনেল আন্দ্রেস মেসি। আর্জেন্টিনার জার্সিতে কিংবদন্তি এই ফুটবলারের শেষ ম্যাচটি হয়ে উঠল আবে...



১২৬ গোলের আন্তর্জাতিক ক্যারিয়ার শেষ করলেন মেসি  
জাতীয় দল থেকে অবসরের সিদ্ধান্ত আগেই জানিয়েছিলেন লিওনেল আন্দ্রেস মেসি। দুধবার সারা বিশ্বের কোটি সমর্থকের সামনে মাঠে নেমে আনুষ্ঠানিকভাবে বিদায়...



সুলতানপুরে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনালে যৌথ চ্যাম্পিয়ন দুই দল  
ব্রাহ্মণবাড়িয়ার সুলতানপুরে ইকরামুল হক (কবেল) চেয়ারম্যান গ্র্যাস, মাদক আসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের সার্বিক  
আয়োজন ও তত্ত্বাবধানে অ...



শ্রীলঙ্কার কাছে হেরে ব্রোঞ্জও খোয়াল বাংলাদেশ  
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস।  
তবে সেই স্বপ্ন তো পূরণ হয়নি, এমন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/supar-kmpiutarer-hisabe-arjentin-ar-chjampiyn-hoyar-smbhabna-kemn>